

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.berc.org.bd।

নম্বর: ২৮.০১.০০০০.০১২.২৩.০০৩.২৬.৩২৮৮

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক ফার্নেস অয়েল (এইচএফও) এর
ভোক্তাপর্যায়ে মূল্যহার সমন্বয় সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪ (৪) এবং ৩৪(৬) অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এবং তেল বিপণন কোম্পানীসমূহের (পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এবং স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড) প্রস্তাবের পরিপ্রেক্ষিতে গণশুনানি গ্রহণ করত বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে ২২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে বিইআরসি আদেশ নম্বর: ২০২৫/০৬ এর মাধ্যমে বিপিসি কর্তৃক সরবরাহকৃত ফার্নেস অয়েলের ভোক্তাপর্যায়ে মূল্যহার, বিপিসি এর মজুতকরণ ও সরবরাহ চার্জ, ফার্নেস অয়েল বিপণনে তেল বিপণন কোম্পানীসমূহের চার্জ এবং সমন্বিত পরিবহণ ভাড়া পুনর্নির্ধারণ করা হয়। বর্ণিত আদেশে ফার্নেস অয়েলের ভোক্তাপর্যায়ে মূল্যহার কমিশন কর্তৃক তিন মাস ভিত্তিতে/প্রয়োজন অনুসারে কমিশন কর্তৃক সমন্বয়ের বিষয়ে উল্লেখ রয়েছে।

০২। বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৫ এর অনুলিপি ৯.২ অনুযায়ী ফার্নেস অয়েলের মূল্যহার সমন্বয় করার লক্ষ্যে ১৫ মার্চ ২০২৬ তারিখে কমিশনের স্মারক নং- ২৮.০১.০০০০.০১২.২৩.০০৩.২৬.১২৪৬ এর মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ২৯ আগস্ট'২৬ হতে ২৮ সেপ্টেম্বর'২৬ সময়ের আমদানিকৃত পরিশোধিত ফার্নেস অয়েলের Platts Rate, সেপ্টেম্বর ২৬ মাসের ক্রুড অয়েলের সিআইএফ মূল্য এবং মার্কিন ডলারের বিনিময় হার পরিবর্তন বিবেচনায় অক্টোবর ২০২৬ মাসে ফার্নেস অয়েলের মূল্যহার সমন্বয় করার জন্য সুপারিশ করে।

০৩। ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত বিশেষ কমিশন সভায় কমিশন কর্তৃক ২৯ জুলাই'২৬ হতে ২৮ আগস্ট' ২৬ সময়ের আমদানিকৃত পরিশোধিত ফার্নেস অয়েলের Platts Rate, সেপ্টেম্বর ২৬ মাসের ক্রুড অয়েলের সিআইএফ মূল্য এবং মার্কিন ডলারের বিনিময় হার পরিবর্তন বিবেচনায় অক্টোবর ২০২৬ মাসে ফার্নেস অয়েলের মূল্যহার প্রতি লিটার ১০৮.৭৮ টাকায় সমন্বয় করা হয়েছে।

০৪। বিপিসি কর্তৃক সরবরাহকৃত ফার্নেস অয়েলের সমন্বয়কৃত মূল্যহার সংক্রান্ত কমিশনের আদেশ ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ দিবাগত রাত ১২:০০টা থেকে প্রযোজ্য ও কার্যকর হবে।

০৫। বিপিসি কর্তৃক সরবরাহকৃত ফার্নেস অয়েলের মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইট-এ আপলোড করা হয়েছে। পূর্ণাঙ্গ আদেশ কমিশনের ওয়েব সাইটে আপলোড করা হবে।


মোঃ নজরুল ইসলাম সরকার

সচিব, বিইআরসি।

ফোন: ০২-৫৫০১৪০০৭

ই-মেইল: secy@berc.org.bd